গাজীপুর সিটি কর্পোরেশন
নগর ভবন
প্রশাসন শাখা
gcc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# গাজীপুর সিটি কর্পোরেশনের ৩১ তম কর্পোরেশন সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব আসাদুর রহমান কিরণ<br>মেয়র (ভারপ্রাপ্ত),<br>গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর। |
| সভার স্থান | ঃ | সম্মেলন কক্ষ,নগর ভবন, গাজীপুর সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | ঃ | ০৭.০৮.২০২২ খ্রিঃ, রোজ সোমবার। |
| সভার সময় | ঃ | বেলা ১২ঃ ০০ ঘটিকা। |

* পরিষদের সম্মানিত সদস্যদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট 'ক'
* গৃহিত উন্নয়ন প্রকল্পের তালিকা পরিশিষ্ট 'খ'

সভার প্রারম্ভে মেয়র মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যগণের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২২খ্রিঃ তারিখ সোমবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তাবিত কর্মসূচির উপর আলোচনা শুরু করেন। সভাপতি বলেন যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের ১৮ জুলাই ২০২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী গাজীপুর সিটি কর্পোরেশনের কর্মসূচি চূড়ান্ত করনের লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে স্মারক নং ৪৬.১৯.০০০০.০০৪.০৬.১৪৭.২১.৩৩৩, তারিখ ঃ ০১.০৮.২০২২ খ্রিঃ এর আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচী-০১ ঃ বিগত কর্পোরেশন সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | সভায় সভাপতি মহোদয়ের অনুমোতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব জনাব এ এস এম সফিউল আজম বিগত ৩০তম কর্পোরেশন সভার কার্য বিবরণী সভায় পড়ে শুনান। | বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী ছাড়াই অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সচিব গাজীপুর সিটি কর্পোরেশন |

**আলোচ্যসূচী-০২ ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতি নগর ভবন কার্যালয়ে স্থাপন সম্পর্কে আলোচনা**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে আলোচনা শুরু করেন তিনি জানান যে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সকল শহীদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে নগর ভবন কার্যালয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতি/ম্যুরাল স্থাপন করার প্রস্তাব করেন।<br><br>সভাপতি মহোদয় প্রধান নির্বাহী কর্মকর্তার প্রস্তাব অনুমোদনের বিষয়ে সভায় আলোচনা করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতি/ম্যুরাল স্থাপনের বিষয়ে গুরুত্ব সহকারে আলোকপাত করেন এবং সকল সদস্যদের এ বিষয়ে আলোচনার জন্য উদাত্ত আহবান জানান। | ক) বিস্তারিত আলোচনা পর্যালোচনান্তে নগর ভবন কার্যালয়ের সম্মুখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতি/ম্যুরাল স্থাপনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান প্রকৌশলী গাজীপুর সিটি কর্পোরেশন |

**আলোচ্যসূচী-০৩ ঃ ২০২২-২০২৩ অর্থ বৎসরের প্রস্তাবিত বাজেট অনুমোদন সম্পর্কে আলোচনা**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|



CamScanner

| | | | শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) জনাব মোঃ গোলাম কিবরিয়া সভায় জানান যে ২০২২-২০২৩ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট রাজস্ব আয় = ৫,৩৪,৫৬,৩২,০০০/- টাকা, পানি সরবরাহ শাখার আয় = ৫১,৯৪,০০০০০/- টাকা, উন্নয়ন (সরকারী) খাতে প্রাপ্তি ৫৯,০০,০০০০০/- টাকা এবং বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পের প্রাপ্তি ৩৪৩৪৪৭০০০০০/- টাকা সহ ২০২২-২০২৩ অর্থবছরে সর্বমোট ৪১৯৮,৩৮৬২০০০/- (চার হাজার একশত আটানব্বই কোটি আটত্রিশ লক্ষ বাষট্টি হাজার) টাকার বাজেট নিয়ে সভায় বিস্তারিত আলোচন হয়। আলোচনা পর্যালোচনান্তে উক্ত বাজেট অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করা হয়। | ক) বিস্তারিত আলোচনা পর্যালোচনান্তে গাজীপুর সিটি কর্পোরেশনের ২০২২-২০২৩ অর্থ বৎসরের প্রস্তাবিত বাজেট বাবদ সর্বমোট ৪১৯৮,৩৮৬২০০০/- (চার হাজার একশত আটানব্বই কোটি আটত্রিশ লক্ষ বাষট্টি হাজার) টাকা বাজেট অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা/প্রধান হিসাবরক্ষণ গাজীপুর সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচী -০৪ ঃ প্রকৌশল বিভাগ উন্নয়ন বিষয়ক আলোচনা

(ক) DPP সংক্রান্ত চলমান উন্নয়মূলক আলোচনা ঃ

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | সভায় উপস্থিত অতিরিক্ত প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীগণ এবং সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালকগণ বর্তমানে চলমান প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ সভায় উপস্থাপন করেন। সভাপতি ডিপিপি, ADB ও অন্যান্য সংস্থার অর্থায়নে গৃহিত উন্নয়ন কাজ দ্রুতগতিতে সম্পন্ন করতঃ নির্ধারিত বর্ধিত সময়ে তা সমাপ্ত করার জন্য প্রকৌশল বিভাগকে জরুরী পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।<br><br>সভাপতি মহোদয় জানান যে, নব-গঠিত গাজীপুর সিটি কর্পোরেশনের ব্যাপক উন্নয়নের লক্ষ্যে মানবতার জননী দেশরত্ন সফল রাষ্ট্রনায়ক, বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা পর্যাপ্ত পরিমান অর্থ বরাদ্দ দিয়েছেন। উক্ত বরাদ্দকৃত অর্থে ইতোমধ্যে সিটি এলাকায় উন্নয়ন কাজ শুরু হয়েছে। তিনি আরও জানান যে, উন্নয়ন কাজ চলমান থাকবে এবং নির্ধারিত সময়ে তা সমাপ্ত করতে হবে। রাস্তা সম্প্রসারনের বিষয়ে সুনির্দিষ্ট সরকারী নীতিমালা মানতে হবে। এ বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়, জেলা প্রশাসনসহ সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করে বিধি অনুযায়ী পদক্ষেপ নেয়া হবে।<br>১) সভায় উপস্থিত প্রধান প্রকৌশলী সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের অধীনে বর্তমানে ৫টি উন্নয়ন প্রকল্পের কাজ এবং একটি টিএপিপি এর কাজ চলমান আছে। তিনি সভায় উপস্থিত প্রকল্প পরিচালকদের স্ব-স্ব প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপনের জন্য অনুরোধ করেন।<br>(ক) "গাজীপুর সিটি কর্পোরেশনের ভৌত অবকাঠামো উন্নয়ন (রাস্তা ও ড্রেন)" (ডিপিপি-৭০০.৬০) শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক এর অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ মজিবুর রহমান সভায় প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন।<br>তিনি সভাকে জানান যে, প্রকল্পের অন্তর্ভূক্ত মোট ৫৮ টি প্যাকেজের কাজ চলমান আছে। প্রকল্পের প্রাক্কলিত মূল্য ৭০০.৬০ টাকা ইতোমধ্যেই ১৮ টি সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ৩৮টি প্রকল্প চলমান এবং ২টি প্রকল্প বাতিল করার প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>(খ) "গাজীপুর সিটি কর্পোরেশনের ১-৫ নং জোনের রাস্তা, ড্রেন এবং ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ মজিবুর রহমান তাঁর প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।<br>তিনি সভাকে জানান যে, প্রকল্পের অন্তর্ভূক্ত মোট ৭২ টি প্যাকেজ মধ্যে ১৮টি প্রকল্পের কাজ শেষ হয়েছে, ২৫ টি প্যাকেজের কাজ প্রায় ৮৮% শেষ হয়েছে। অবশিষ্ট ২৯ টি কাজ চলমান, Over all অগ্রগতি ৭৫%। প্রকল্পের সমাপ্তির তারিখ নির্ধারিত আছে আগামী ৩০.০৬.২০২৩ তারিখ পর্যন্ত।<br><br>গাজীপুর সিটি কর্পোরেশনের উন্নয়নের লক্ষে গৃহিত প্রকল্প "গাজীপুর সিটি কর্পোরেশনের ১নং হতে ৫নং জোনের রাস্তা, ড্রেন এবং ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পটির সর্বশেষ কাজের মেয়াদ বৃদ্ধি করা হয়েছিল ৩০.০৬.২০২২ইং তারিখ পর্যন্ত। বিভিন্ন উপ প্রকল্পের সাইট সংক্রান্ত জটিলতা, প্রশস্তজনিত জটিলতা এবং বৈশ্বিক মহামারী নোবেল কোভিড-১৯ করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে বিশ্বব্যাপী অর্থনৈতিক বিপর্যয়, সামাজিক যোগাযোগ বিচ্ছিন্ন হওয়ার কারণে উন্নয়ন থমকে দাঁড়ায়। প্রতিটি | সভায় বর্ণিত বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে ডিপিপি, ADB ও অন্যান্য সংস্থার অর্থায়নে এবং নিজস্ব অর্থায়নে চলমান প্রকল্পের কাজ অব্যাহত রাখা এবং নির্ধারিত সময়ে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(ক) অনুমোদিত বর্ধিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সার্বিকভাবে সম্পন্ন করার বিষয়ে প্রকল্প পরিচালককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয় এবং যে সকল ঠিকাদারের কাজের গতি সন্তোষজনক নয় তাদের বিষয়ে চুক্তিপত্রের (পিপিআর) শর্ত অনুযায়ী ব্যবস্থা নেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) ১. যে সকল ঠিকাদারের কাজের গতি সন্তোষজনক নয় তাদের বিষয়ে চুক্তিপত্রের (পিপিআর-২০০৮) শর্ত অনুযায়ী ব্যবস্থা নেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ক্ষেত্রে স্থবিরতা দেখা দেয়। যার দরুণ বর্ধিত সময়ের মধ্যে উক্ত প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হয়নি। সার্বিক বিষয়ের আলোকে স্থানীয় সরকার বিভাগে পুনরায় আগামী ৩০.০৬.২০২৩ইং তারিখ পর্যন্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধি আবেদন করা হয়। স্থানীয় সরকার বিভাগ যৌক্তিক কারণে আগামী ৩০ জুন ২০২৩ পর্যন্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করেন। সার্বিক অবস্থা বিবেচনা পূর্বক প্রকল্পটি গুনগত মান ঠিক রেখে বাস্তবায়নের স্বার্থে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার আলোকে কনসানটেন্ট এর মেয়াদ জুন ২০২৩ খ্রিঃ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে এবং ইতোমধ্যে নতুন কনসালটেন্ট নিয়োগ দেয়া হয়েছে।<br>প্রকল্প পরিচালক তাকে জানান যে, জেলা প্রশাসকের অফিস থেকে রাজদীঘি পর্যন্ত কোনো সঠিক Drawing/Design পাওয়া যায়নি। সুতরাং ঐ কাজটির পরিবর্তে জনস্বর্থে শিববাড়ী থেকে রাজবাড়ী হয়ে জোড়পুকুর পর্যন্ত রাস্তা বাস্তবায়ন করা যায়। | (খ) ২. শিববাড়ী থেকে রাজবাড়ী হয়ে জোড়পুকুর পর্যন্ত রাস্তাটি ভারী যানবাহন চলাচলের উপযোগী করে নির্মাণের জন্য DPP-1510 এর সংশ্লিষ্ট প্যাকেজটি Re-cast করে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ১ (গ) "গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্ত করণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ আকবর হোসেন সভায় জানান যে, প্রকল্পটিতে মোট ০৯ টি রাস্তা ১৭ টি প্যাকেজ আছে। প্রকল্পটি প্রধান অঙ্গের মধ্যে ৯টি রাস্তার দুই পার্শ্বে মোট ৩৮'-০' প্রশস্থতায় প্রায় ৮১ কি.মি. রাস্তায় মোট ২৩৯.৭৮ একর জমি অধিগ্রহন করার জন্য ১৬৯৭.৬৪ কোটি টাকা এবং ক্ষতিপুরণ বাবদ আরও ৫০০.০০ কোটি টাকা অনুমোদিত আছে। ৫০ কোটি টাকা ইউটিলিটি স্থানান্তর বাবদ ডিপিপি তে অনুমোদন আছে।<br><br>অন্যদিকে ৪টি প্যাকেজের টেন্ডার আহবানের যাবতীয় প্রক্রিয়া শেষ করে ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। অধিগ্রহন প্রক্রিয়া শেষ হলে কাজ আরম্ভ করা সম্ভব হবে।<br>যেহেতু প্রকল্পটির জমি অধিগ্রহণ করতে গিয়ে অনেক সময় লেগে যাচ্ছে সেহেতু প্রকল্পটির সময় বৃদ্ধির জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়। উল্লেখিত ডিপিপিতে কিছু গুরুত্বপূর্ণ উপ-প্রকল্প সংযোজন ও পরিবর্তন করে বাস্তবায়ন করা যায়। ৭ ধারা জারী করা হয়েছে,৮ ধারা জারী প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>১ (ঘ) মেয়র গাজীপুর সিটি কর্পোরেশন সভাকে অবহিত করেন যে, "গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রস্থ করণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ " শীর্ষক প্রকল্পের উপ প্রকল্প "জয়দেবপুর রাণী বিলাসমনী স্কুল থেকে সদর হাসপাতাল, ভারারুল চৌরাস্তা হয়ে কলের বাজার পর্যন্ত রাস্তা প্রশস্থ করণ ও বিসি/ আরসিসি দ্বারা উন্নয়ন এবং উভয় পার্শ্বে ড্রেন নির্মাণ " (এল এল কেইস নং ১২/২০১৯-২০) এর কলের বাজার বাইপাস সংলগ্ন মেঘডুবী মৌজায় ৫২ নং দাগে (আংশিক), ৫০নং দাগে (সম্পূর্ণ), ৫১নং দাগে (সম্পূর্ণ), ৮১৫ নং দাগে (সম্পূর্ণ), ৮১৬ নং দাগে (সম্পূর্ণ), ৮১৭নং দাগে (সম্পূর্ণ) ও ১১৬ নং দাগে (আংশিক), যথাক্রমে (০.০৫১+ ০.০৪৭+ ০.০৮৮+ ০.০৮৩+ ০.০৬৩+ ০.০২৩+ ০.৪৪৮) =০.৮০৩ একর জমি বাস-বের জন্য নির্ধারিত আছে। "গাজীপুর সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য এবং বিভিন্ন অঞ্চল বাস-ট্রাক টার্মিনাল নিমার্ণের নিমিত্তে জমি অধিগ্রহণ শীর্ষক" প্রকল্পের মাধ্যমে বাস-ট্রাক টার্মিনালের জন্য জমি অধিগ্রহণ প্রক্রিয়াধীন থাকায় এই মুহুর্তে উক্ত বাস-টার্মিনাল এর প্রয়োজনীয়তা না থাকায় মৌজায় ৫২ নং দাগে (আংশিক), ৫০ নং দাগে (সম্পূর্ণ), ৫১ নং দাগে (সম্পূর্ণ), ৮১৫নং দাগে (সম্পূর্ণ), ৮১৬ নং দাগে (সম্পূর্ণ), ৮১৭ নং দাগে (সম্পূর্ণ) ও ১১৬ নং দাগে (আংশিক), যথাক্রমে = (০.০৫১+০.০৪৭+ ০.০৮৮+ ০.০৮৩+ ০.০৬৩+ ০.০২৩+০.৪৪৮)= ০.৮০৩ একর জমি উক্ত প্রস্থাবনা থেকে বাদ দেয়া যায়। এই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>(ঙ) মেয়র মহোদয় সভাকে জানান যে, (Dpp-3828) Revised করে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগ থেকে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন দাকিল করবে। অন্যদিকে প্রকল্পের জমি অধিগ্রহণ কার্যক্রম বিলম্বত হওয়ার কারণে প্রকল্পের বাস্তবায়নকাল দীর্ঘায়িত হচ্ছে। এ বিষয়ে জেলা প্রশাসক অফিসে বারবার তাগিত দেওয়া হচ্ছে এবং জনবল দিয়েও সহযোগিতা করা হচ্ছে এর পরেও অধিগ্রহণ প্রক্রিয়া আগাচ্ছে না। জেলা প্রশাসকের অফিস থেকে বলা হচ্ছে তাদের সার্ভেয়ার পর্যাপ্ত না থাকায় কাজের অগ্রগতি করা সম্বব হচ্ছে না। অন্যদিকে রাস্তার এলাইনমেন্ট বরাবর গাছের প্রাক্কলন করার জন্য বন বিভাগে পাঠানো হয়েছে কিন্তু বন বিভাগ দীর্ঘদিন যাবৎ | (গ) (১) প্রকল্পটির জমি অধিগ্রহনের বিষয়ে জেলা প্রশাসক মহোদয়ের সাথে যোগাযোগ করে দ্রুততার সাথে কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য মাননীয় মেয়র মহোদয়, প্রধান নির্বাহী কর্মকর্তা ও অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হলো এবং এ বিষয়ে জেলা প্রশাসকের অফিসের সাথে সার্বক্ষনিক যোগাযোগের জন্য প্রকল্প সংশ্লিষ্ট উপ-প্রকল্প পরিচালক জনাব রকিবুল হাসান রাসেলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(গ) (২) ডিপিপি তে অনুমোদিত উপ-প্রকল্পের মধ্যে কিছু গুরুত্বপূর্ণ রাস্তা সংযোজন ও পরিবর্তন করে প্রকল্পগুলো রিভাইজ/রিকাষ্ট প্রস্তুত করে অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয় এবং অবশিষ্ট প্যাকেজ টেন্ডার প্রক্রিয়া গ্রহণের সর্বসম্মত্ত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(ঘ) কলের বাজার বাইপাস সংলগ্ন মেঘডুবী মৌজায় ৫২ নং দাগে (আংশিক), ৫০ নং দাগে (সম্পূর্ণ), ৫১ নং দাগে (সম্পূর্ণ),৮১৫ নং দাগে (সম্পূর্ণ), ৮১৬ নং দাগে (সম্পূর্ণ),৭১৭ নং দাগে (সম্পূর্ণ) ও ১১৬ নং দাগে (আংশিক), যথাক্রমে = (০.০৫১+০.০৪৭+০.০৮৮+০.০৮৩ +০.০৬৩+০.০২৩+০.৪৪৮)= ০.৮০৩ একর জমি এল এ কেইজ নং ১২/২০১৯-২০ থেকে বাদ দিয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জেলা প্রশাসক , গাজীপুরকে অবহিত করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(ঙ) ১. আলোচনা পর্যালোচনান্তে | |



CamScanner

কাজটি ফেলে রেখেছে।

মেয়র মহোদয় সভায় জানান যে, অধিগ্রহণ প্রক্রিয়ার প্রায় ৩ বৎসর অতিবাহিত হয়েছে এখন পর্যন্ত জেলা প্রশাসকের অফিস থেকে আমাদেরকে একটি রাস্তার জমিও বুঝিয়ে দেয়া হয়নি। এদিকে প্রকল্পের বর্ধিত সময় আর মাত্র ১ বছর ৫ মাস বাকি আছে। অন্যদিকে রাস্তাগুলো বাস্তবায়ন না করার কারণে এলাকার জনগণের চলাচলসহ শিল্প প্রতিষ্ঠানের মালামাল পরিবহন করা খুবই ঝুকিপূর্ণ হয়ে যাচ্ছে।

এমতাবস্থায়, জনগুরুত্বপূর্ণ রাস্তাগুলো বর্তমান প্রশস্ততার মধ্যেই বাস্তবায়ন করা যায়। পরবর্তীতে অধিগ্রহণ প্রক্রিয়া শেষ হলে বর্ধিত অংশ বাস্তবায়ন করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

তিনি আরও জানান যে, নির্মাণ সামগ্রী মূল বৃদ্ধি পাওয়ায় চলমান কাজের অগ্রগতি থেমে গিয়েছে সুতরাং (Dpp-3828) এর নতুন ভাবে টেন্ডার আহবানের জন্য প্রস্তুতকৃত উপপ্রকল্পগুলোর প্রাক্কলন সর্বশেষ Rate schedule এর রেইট অনুযায়ী প্রস্তুত করা যায়।

(চ) প্রধান প্রকৌশলী ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী সভাকে জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের জাপানি আন্তর্জাতিক সহযোগিতা সংস্থার (জাইকা) অর্থায়নে UDCGP নামক নতুন প্রকল্পের কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এ প্রকল্প শুরু হলে সিটি কর্পোরেশনের অনেক গুরুত্বপূর্ণ রাস্তা, অবকাঠামো উন্নয়ন সহ জরুরী প্রকল্প বাস্তবায়ন সম্ভব হবে।

(ছ) গাজীপুর সিটি কর্পোরেশনের কঠিন বর্জ ব্যবস্থাপনার জন্য এবং বাস ট্রাক টার্মিনাল নির্মানের জন্য জমি অধিগ্রহণ শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক নমিতা দে সভায় জানান যে, প্রকল্পটিতে ১০০ বিঘা জমি কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য নির্ধারিত আছে অন্য দিকে বাস-ট্রাক টার্মিনাল নির্মানের জন্য ২০০ বিঘা জমি ডিপিপি-তে অনুমোদিত আছে। বর্তমানে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য অনুমোদিত ডিপিপিতে নির্ধারিত মৌজা-মজলিশপুর,ইটাহাটা, ইসলামপুর, হাতিয়াব ১০০ বিঘা জমি অধিগ্রহনের জন্য প্রশাসনিক অনুমোদন চেয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র দেয়া হয়েছে। যা গত ২০/০২/২০২২খ্রিঃ তারিখ অনুমোদন পাওয়া যায়। তার প্রেক্ষিতে গত ২৪/০৮/২০২২ খ্রিঃ তারিখে রাজউক হতে, গত ০৮/০৯/২০২২ খ্রিঃ তারিখে পরিবেশ অধিদপ্তর হতে এবং গত ২৯/০৯/২০২২ খ্রিঃ তারিখে নগর উন্নয়ন অধিদপ্তর হতে অনাপত্তি ছাড়পত্র পাওয়া যায়। বর্তমানে "বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন" এর জন্য জমি অধিগ্রহণের চূড়ান্ত প্রস্তাব জেলা প্রশাসক, গাজীপুর বরাবরে প্রেরণ করা হবে।

এছাড়া বিভিন্ন অঞ্চলে বাস-ট্রাক টার্মিনালের জন্য পূবাইল, গাছা, কোনাবাড়ী, কাউলতিয়া, জয়দেবপুর, কাশিমপুর, বাসন, টঙ্গী অঞ্চলে জমি অধিগ্রহণের নিমেত্তে প্রশাসনিক অনুমোদনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তার মধ্যে পূবাইল অঞ্চলে-৪০ বিঘা, গাছা অঞ্চলে-৩০ বিঘা ও কোনাবাড়ী অঞ্চলে-২৫ বিঘা জমি বাস ট্রাক টার্মিনাল স্থাপনের জন্য অধিগ্রহণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গত ০৪/০৯/২০২২ খ্রিঃ তারিখে প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। অবশিষ্ট অঞ্চলের জমির প্রশাসনিক অনুমোদন প্রক্রিয়াধীন আছে।

মাননীয় মেয়র মহোদয় সভায় অবহিত করেন যে, অঞ্চল-০১ টঙ্গী ও অঞ্চল-০৫, বাসন এর ডিপিপি তে উল্লেখিত মৌজায় বাস-ট্রাক ট্রার্মিনালের জমি সংস্থান করা কঠিন হচ্ছে। তাই অঞ্চল-০১ টঙ্গী ও অঞ্চল-০৫, বাসন এরমৌজা সংশোধন প্রয়োজন বলে মেয়র (ভারঃ) মহোদয় আবারও প্রস্থাব করেন। তিনি বলেন নিম্নোক্ত ভাবে বাস-ট্রাক টার্মিনালের জমি অধিগ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রশাসনিক অনুমোদন চেয়ে পত্র প্রেরণ করা হয়।

| | | |
|---|---|---|
| বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের জন্য | | = ১০০ বিঘা |
| অঞ্চল-১ কাকিল সাতাইশ, বড় দেওড়া, দত্তপাড়া, শিলমুন পরিমাণ | | = ৪০ বিঘা |
| অঞ্চল-২ পুবাইল, খিলগাঁও,নারায়ণকূল, তালটিয়া - | " | = ৪০ বিঘা |
| অঞ্চল-৩ কুনিয়া, কলমেশ্বর | " | = ১০ বিঘা |
| অঞ্চল-৪ বাঙ্গালগাছ,ভারারুল,ধীরাশ্রম | " | = ১০ বিঘা |
| অঞ্চল-৫ বিশুইয়া,কুড়িবাড়ী,আড়াইশত প্রশাদ | " | = ৩০ বিঘা |
| অঞ্চল-৬ ভোগড়া,চান্দনা,যোগীতলা, ইসলামপুর | " | = ১০ বিঘা |
| অঞ্চল-৭ বাগিয়া,মিরপুর,বাইমাইল | " | = ২৫ বিঘা |

ডিপিপি ভুক্ত জনগুরুত্বপূর্ণ রাস্তা গুলা সর্বশেষ Rate schedule এর Rate অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত পূর্বক বর্তমান প্রশস্ততায় টেন্ডার আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) ২. অধিগ্রহণ প্রক্রিয়া শেষ হলে বর্ধিত অংশের কাজ বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) ৩. গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তা গুলো প্রশস্তকরণ নর্দমা ও ফুটপাত নির্মাণ শীর্ষক প্রকল্পের উপ-প্রকল্পগুলো সর্বশেষ Rate schedule এর Rate অনুযায়ী প্রক্কলন প্রস্তুত করার জন্য প্রকৌশল বিভাগকে জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) ৪. ইতোমধ্যেই ঠিকাদার সাথে চুক্তিবদ্ধকৃত প্যাকেজগুলোর সময় শেষ হয়ে গিয়েছে। জমি অধিগ্রহণ না করতে পারায় তাদেরকে সাইট বুঝিয়ে দেয়া সম্ভব হয়নি। অন্যদিকে তাদের পিজি এর মেয়াদও শেষ হয়ে গিয়েছে। যে সকল ঠিকাদার সমঝোতার মাধ্যমে প্রকল্পের কাজের মেয়াদ বৃদ্ধি করতে রাজী থাকেন/রাজী না থাকলে তাদের সাথে আইননানুগ ভাবে সমঝোতা করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) ৫. নতুন Rate schedule অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

(চ) জাইকা এর টিমকে ফিজিবিলিটি স্টাডি কাজে সর্বাত্বক সহযোগিতা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকৌশল বিভাগসহ সংশ্লিষ্ট সকল কাউন্সিলরগণকে সহযোগিতার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

ছ (১) কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ১০০ বিঘা জমি ডিপিপিতে অনুমোদিত মৌজা অনুযায়ী জরুরী ভিত্তিতে অধিগ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

ছ (২) অঞ্চল-০১ টঙ্গী এর বাস-ট্রাক টার্মিনাল নীমতলী রেল ক্রসিং সংলগ্ন দত্তপাড়া ও শিলমুল মৌজায় স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং অঞ্চল-০৬, বাসন ঢাকা-বাইপাস সংলগ্ন বাস ট্রাক টার্মিনালের জন্য ইসলামপুর মৌজা অন্তর্ভূক্তির সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | | |
|---|---|---|---|
| | অঞ্চল-৮ পুবাবাড়ী, গকশাইতলী " = ১০ বিঘা<br>মোট জমি ২৭৫ বিঘা<br>মেয়র (ভারপ্র) মহোদয় অবশিষ্ট ২৫ বিঘা জমির মাধ্যমে প্রতিটি ওয়ার্ডে ৫ কাঠা করে STS (Secondary transfer Station) নির্মাণ এবং কবরস্থান/ শশ্মানঘাট নির্মাণের জন্য কিছু জমি সংস্থানের পরামর্শ প্রদান করেন যা Re-cast/Revised DPP তে সমন্বয় করা যেতে পারে এবং Re-cast/Revised DPP কাজ এখনই শুরু করার প্রস্তাব করেন।<br>(ছ) সভাপতি সভাকে জানান যে, ডাম্পিং স্টেশন, এসটিএস নির্মাণ, বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন, বাস/ট্রাক স্ট্যান্ড নির্মাণ, মাস্টার প্ল্যান প্রনয়ন, সিটি কর্পোরেশনের সৌন্দর্য বর্ধনের জন্য বিউটিফিকেশন প্রকল্প বাস্তবায়নের অপেক্ষায় রয়েছে। প্রস্তাবিত প্রকল্পসমূহ বাস্তবায়ন সম্ভব হলে সিটি কর্পোরেশন তার আপন মহিমায় নগরবাসীকে একটি নান্দনিক সৌন্দর্য খচিত বাসযোগ্য নগর উপহার দিবে ইনশাআল্লাহ্। | ছ (৩) বাস-ট্রাক টার্মিনালের জমি হতে STS (Secondary transfer Station) নির্মাণ এবং কবরস্থান/শ্মশানঘাট নির্মানের লক্ষ্যে ২৫ বিঘা জমি সংস্থানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং এখনই DPP সংশোধনের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আলোচ্যসূচী-৪ এর খ

(খ) মাস্টার প্ল্যান প্রনয়ন বিষয়ক আলোচনা ঃ

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | TAPP এর প্রকল্প পরিচালক জনাব মইনুল ইসলাম সভায় জানান যে, "Preparation of Urban Development Plan for Gazipur City Corporation" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য Single Source প্রক্রিয়া অনুসরণ করে ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাথে চুক্তি স্বাক্ষর করা হয়েছে এবং প্রকল্প সম্পন্ন করার জন্য আগামী জুন/২০২৩ পর্যন্ত সময় বৃদ্ধি করার প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে।<br>প্রকল্প পরিচালক সভাকে আরো জানান যে, গত ২৭.০৮.২০২০ তারিখে DUET এর সাথে চুক্তিপত্র স্বাক্ষর হয়। DUET গত ০১.০৩.২০২১ তারিখে Sub-Consultant হিসাবে Access Asia লি. এর সাথে চুক্তিপত্র স্বাক্ষর করে যার কার্যকারিতা দেখানো হয়েছে ২৭.০৮.২০২০ তারিখ থেকে। বর্তমান পর্যন্ত কাজের অগ্রগতি খুবই হতাশাজনক থাকায় সভায় দুঃখ প্রকাশ করেন।<br>মেয়র মহোদয় সভায় জানান যে, DUET এর মাননীয় VC মহোদয়ের সাথে TAPP এর বিষয়ে আলোচনা হবে। এ বিষয়ে DUET কর্তৃক নিয়োগকৃত Sub-Consultant Access Asia লিঃ এর নতুন ওয়ার্ক প্ল্যান অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে কাজটি শেষ করা যায় সে বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে আলোচনা ও টিম গঠন করে চ্যালেঞ্জের মুখে এখন কার্যক্রম চলছে। ইতোমধ্যে বেঞ্চমার্ক এর কাজ শেষ হয়েছে। | (১) "Preparation of Urban Development Plan for Gazipur City Corporation" শীর্ষক প্রকল্পের মেয়াদ আগামী জুন/২০২৩ পর্যন্ত বৃদ্ধি করার প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে যা অনুমোদন করা হলো।<br>(২) DUET কর্তৃক নিয়োগকৃত Sub- Consultant Access Asia লিঃ এর মাধ্যমে DUET নির্ধারিত বর্ণিত সময়ের মধ্যে কাজটি শেষ করার জন্য DUET কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(৩) জিসিসি কর্তৃক এ বিষয়ে বিশেষজ্ঞ নিয়োগের মাধ্যমে DUET এর Sub- Consultant কর্তৃককৃত কাজ বুঝে নেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকল্প পরিচালক প্রকৌশল বিভাগ |

আলোচ্যসূচী- ০৫ ঃ রাজস্ব খাতের নতুন প্রকল্প গ্রহণ বিষয়ক আলোচনা

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | ক) সভাপতি মহোদয় সভায় বলেন যে, ক্ষতিগ্রস্ত রাস্তার অংশ মেরামত করে রাস্তা সচল রাখা অত্যান্ত জরুরী। বিভিন্ন ওয়ার্ডের কিছু গুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ প্রয়োজন। পরিষদের সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। জোন ভিত্তিক বর্তমান রেট সিডিউল অনুসরণে দ্রুততার সাথে প্রাক্কলন প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণকে নির্দেশ প্রদান করেন। এই বিষয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে সমন্বয় করে কাজ করার তাগিদ দেয়া হয়।<br>প্রস্তাব অনুযায়ী প্রকল্প তালিকা সংক্ষিপ্ত আকারে কার্যবিবরণীতে অন্তর্ভুক্তির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নতুন রেট সিডিউল অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করে জরুরীভাবে কাজ বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>নিজস্ব/উন্নয়ন অর্থায়নে নতুন প্রকল্পের তালিকা পরিশিষ্ট "খ" অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ |

আলোচ্যসূচী -০৬ ঃ রাজস্ব বিষয়ক আলোচনা

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | সভাপতি সভাকে জানান যে, উন্নয়নের মূল চালিকা শক্তি হলো রাজস্ব আয়। রাজস্ব বিভাগের প্রতিটি শাখার রাজস্ব আয় বৃদ্ধির জন্য কর্মকর্তাদের আরো দায়িত্বশীল ও চৌকস একটিভিটিস প্রয়োজন। রাজস্ব আয়ের সুবিধার্থে রুটিন ওয়ার্কের আওতায় কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ বদলী বিষয়ে আলোচনা হয়। সভাপতি মহোদয় সভাকে জানান যে, প্রতিটি অঞ্চলের আঞ্চলিক কর্মকর্তাদের নেতৃত্বে ওয়ার্ডে ওয়ার্ডে কর্মসূচি গ্রহণ করে ট্রেড লাইসেন্স তাৎক্ষনিকভাবে প্রদানের মাধ্যমে রাজস্ব আদায় বৃদ্ধি করা যেতে পারে। রাজস্ব আদায় সন্তোষজনক নয়। তিনি ট্যাক্সেশন রুলস অনুযায়ী রাজস্ব আয়ের গতিশীলতা আনয়নের লক্ষ্যে রাজস্ব বিভাগের কার্যক্রম জোরদার করার প্রস্তাব পুনর্ব্যক্ত করেন। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ-<br>ক) রাজস্ব বিভাগের কর্মকর্তা এবং কর্মচারীদেরকে ট্যাক্সেশন রুলস অনুযায়ী রাজস্ব বিভাগের কার্যক্রম পরিচালনা ও রাজস্ব আদায় গতিশীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | রাজস্ব বিভাগ |

আলোচ্যসূচী- ০৭ ঃ বিভিন্ন রাস্তা ও ড্রেন জরুরী ভিত্তিতে মেরামত বিষয়ক আলোচনা

**RFQ পদ্ধতিতে বাস্তবায়ন যোগ্য প্রকল্প তালিকা ঃ**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | নির্বাহী প্রকৌশলীগণ সভাকে জানান যে, বিভিন্ন উন্নয়ন সংস্থার অর্থায়নে গৃহিত প্রকল্পগুলোর দৈর্ঘ প্রস্থ আকারে বড় হওয়ায় ওয়ার্ড ভিত্তিক কম প্রস্থের সংযোগ রাস্তার উন্নয়নে তেমন প্রকল্প হাতে নেয়া হয়নি। তাছাড়া বৃষ্টির কারণে অনেক রাস্তাঘাট ড্রেন ক্ষতিগ্রস্ত হওয়ার ফলে এলাকায় অবস্থিত ছোট ছোট রাস্তা/ড্রেন ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। তাই জরুরী ভিত্তিতে নিম্নেবর্ণিত প্রকল্পগুলোর কাজ আরএফকিউ পদ্ধতির মাধ্যমে বাস্তবায়ন করার প্রস্তাব করেন। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ প্রকল্পগুলো অতীব জরুরী বিধায় Request for Quatation (RFQ) পদ্ধতিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ |

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ০১. | ২০২২-২০২৩ খ্রিঃ অর্থ্য বছরের ছাপার মালামাল সরবরাহ করণ (ছাপার ১ম অংশ) | ৪,৯৮,৯০০/- |
| ০২. | ২০২২-২০২৩ খ্রিঃ অর্থ্য বছরের ছাপার মালামাল সরবরাহ করণ (ছাপার ২য় অংশ) | ৪,৯৯,৩২০/- |
| ০৩. | গাজীপুর সিটি কর্পোরেশন অঞ্চল ঃ ০১, (টঙ্গী) কার্যালয়ে ব্যবহারের জন্য আসবাবপত্র সরবরাহ করণ (অংশ ০১) | ৪,৯৯,৫০০/- |
| ০৪. | গাজীপুর সিটি কর্পোরেশন অঞ্চল ঃ ০১, (টঙ্গী) কার্যালয়ে ব্যবহারের জন্য আসবাবপত্র সরবরাহ করণ (অংশ ০২) | ৪,৯৫,০৯০/- |
| ০৫. | গাজীপুর সিটি কর্পোরেশন অঞ্চল ঃ ০২, (পূবাইল) কার্যালয়ে ব্যবহারের জন্য আসবাবপত্র সরবরাহ করণ | ৪,৯৮,৯৫০/- |
| ০৬. | গাজীপুর সিটি কর্পোরেশন অঞ্চল ঃ ০৩, (গাছা) কার্যালয়ে ব্যবহারের জন্য আসবাবপত্র সরবরাহ করণ | ৪,৯৮,৯৫০/- |
| ০৭. | গাজীপুর সিটি কর্পোরেশন অঞ্চল ঃ ০৪, (নগর ভবন) কার্যালয়ে ব্যবহারের জন্য আসবাবপত্র সরবরাহ করণ | ৪,৯৯,৫০০/- |
| ০৮. | গাজীপুর সিটি কর্পোরেশন অঞ্চল ঃ ০৫, (কাউলতিয়া) কার্যালয়ে ব্যবহারের জন্য আসবাবপত্র সরবরাহ করণ | ৪,৯৯,৫৫০/- |
| ০৯. | গাজীপুর সিটি কর্পোরেশন অঞ্চল ঃ ০৬, (বাসন) কার্যালয়ে ব্যবহারের জন্য আসবাবপত্র সরবরাহ করণ | ৪,৯৮,৫৫০/- |
| ১০. | গাজীপুর সিটি কর্পোরেশন অঞ্চল ঃ ০৭, (কোনাবাড়ী) কার্যালয়ে ব্যবহারের জন্য আসবাবপত্র সরবরাহ করণ | ৪,৯৯,৫৫০/- |
| ১১. | গাজীপুর সিটি কর্পোরেশন অঞ্চল ঃ ০৮, (কাশিমপুর) কার্যালয়ে ব্যবহারের জন্য আসবাবপত্র সরবরাহ করণ | ৪,৯৮,৫৫০/- |
| ১২. | ঢাকা-গাজীপুর রাস্তা হতে নাটা রাস্তা সম্মুখ অংশে এইচবিবি দ্বারা মেরামত করণ | ৩,১০,০০০/- |
| ১৩. | গাজীপুর সিটি কর্পোরেশন অঞ্চল ঃ ০৩, (গাছা) কার্যালয়ে আইপিএস এর ব্যটারী ক্রয় করণ | ১,০৫,৯৬০/- |
| ১৪. | টংগী মুক্তার বাড়ী মড়ল পাড়া পাম্প হাউজের পাম্প ক্রয় এবং স্থাপন করণ কাজ। | ৪,৯৮,৫০০/= |
| ১৫. | ১। বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন এবং বিভিন্ন অঞ্চলে বাস ট্রাক টার্মিনাল নির্মাণের জন্য জমি অধিগ্রহন শীর্ষক প্রকল্পের মৌজা ম্যাপ, পর্চা সংগ্রহ এবং টেসিং ক্লথ এর দ্বারা মৌজা ম্যাপ ও লোকেশন ম্যাপ প্রিন্ট করণ। | ৪,৫০,০০০/- |
| ১৬. | ডিপিপি-৩৮২৮-"গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্তকরণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পের উপ-প্রকল্প ১। গাজীপুর মহিলা কলেজ থেকে দক্ষিণ ছায়াবিথী, বাঙ্গালগাছ, নীলেরপাড়া হয়ে ইছালী ব্রীজ পর্যন্ত রাস্তা প্রশস্থ করণ ও বিসি/আরসিসি রাস্তা উন্নয়ন এবং উভয় পার্শ্বে ড্রেন নির্মাণ। ২। ইছালী ব্রীজ থেকে পূবাইল কলেজ গেইট পর্যন্ত রাস্তা প্রশস্থ করণ ও বিসি/আরসিসি দ্বারা উন্নয়ন এবং উভয় পার্শ্বে ড্রেন নির্মাণ। ৩। জয়দেবপুর রানী বিলাসমনী স্কুল থেকে সদর হাসপাতাল, ভারারুল চৌরাস্তা হয়ে কলের বাজার পর্যন্ত রাস্তা প্রশস্থ করণ ও বিসি/আর সিসি দ্বারা উন্নয়ন এবং উভয় পার্শ্বে ড্রেন নির্মাণ।৪। কলের বাজার বাইপাস হতে মেঘডুবী, কোদাব হয়ে মাঝুখান টঙ্গী-কালীগঞ্জ রাস্তা পর্যন্তবিসি/আরসিসি দ্বারা উন্নয়ন এবং উভয় পার্শ্বে ড্রেন নির্মাণ। ৫। (পার্ট ঃ-০১) কোনাবাড়ীবাস স্ট্যান্ড থেকে আমবাগ হয়ে সাকাশ্বর পর্যন্ত রাস্তা প্রশস্থ করণ ও বিসি/আরসিসি রাস্তা উন্নয়ন এবং উভয় পার্শ্বে ড্রেন নির্মাণ । ৬। (পার্ট ঃ-০২) কোনাবাড়ী বাস স্ট্যান্ড থেকে আমবাগ হয়ে সাকাশ্বর পর্যন্ত রাস্তা প্রশস্থ করণ ও বিসি/আরসিসি রাস্তা উন্নয়ন এবং উভয় পার্শ্বে ড্রেন নির্মাণ । ৭। জরুন লক্ষ মার্কেট থেকে কোনাবাড়ী বাস স্ট্যান্ড পর্যন্ত রাস্তা প্রশস্থ করণ ও বিসি/আরসিসি রাস্তা উন্নয়ন এবং উভয় পার্শ্বে ড্রেননির্মাণ । ৮। দেওয়ানবাড়ী ব্রীজ হতে জরুন লক্ষ | ৪,৭৫,০০০ /- |



CamScanner

| | | |
|---|---|---|
| | মার্কেট পর্যন্ত রাস্তা প্রশস্থ করণ ও বিসি/আরসিসি রাস্তা উন্নয়ন এবং উভয় পার্শ্বে ড্রেন নির্মাণ শীর্ষক প্রকল্পের মৌজা ম্যাপ ও পর্চা সংগ্রহ এবং টেসিং ক্লথ মৌজা লোকেশন ম্যাপ প্রিন্ট করণ । | |
| ১৭. | গাজীপুর সিটি কর্পোশনের পুরাতন অকেজো যানবাহন গাজীপুর কবরস্থান হতে এ্যাসফল্ট প্লান্টে স্থানান্তর বাবদ | ৪,৯৮,০০০/- |
| ১৮. | গাজীপুর সিটি কর্পোশনের পুরাতন অকেজো যানবাহন টঙ্গী জোন অফিস হতে এ্যাসফল্ট প্লান্টে স্থানান্তর বাবদ | ৪,৯৬,৫০০/- |
| ১৯. | গাজীপুর সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী ( যান্ত্রিক) এর রুমে এসি-২ টন, কম্পিউপটার টেবিল, ফটোকপি মেশিনের টেবিল, পাটিশন গ্লাসের দরজার ও অন্যান্য খরচ বাবদ | ৪,৯০,০০০/- |

আলোচ্যসূচী -০৮ ঃ বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক আলোচনা

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | ক) গাজীপুর সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনার শৃংখলা ফিরিয়ে আনতে প্রাথমিকভাবে সংশ্লিষ্ট ওয়ার্ডের আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে নোটিশের মাধ্যমে সংগৃহিত ময়লা-আর্বজনা সংগ্রহের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট ওয়ার্ডে বর্জ্য ব্যবস্থাপনার দায়িত্ব প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উন্মুক্ত দরপত্র পদ্দতিতে প্রতিনিধি নির্বাচন করা হবে। ময়লা সংগ্রহকারীগণ সিটি কর্পোরেশন কর্তৃক নির্ধারিত হারে বাড়ী/প্রতিষ্ঠান হতে ফি আদায় করতে পারবেন। বর্জ্য সংগ্রহকারীগণ নিজস্ব ব্যবস্থাপনায় ময়লা সংগ্রহপূর্বক চূড়ান্ত ডাম্পিং পয়েন্টে অপসারণ করবেন। আবেদন ব্যতিত অবশিষ্ট ওয়ার্ডের ময়লা-আর্বজনা সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর সিটি কর্পোরেশনের সাথে পরামর্শপূর্বক আপাতত সংগ্রহ করবেন ও নিজস্ব ব্যবস্থাপনায় S.T.S/ডাম্পিং ষ্টেশনে ফেলবেন।<br>সভাপতি মহোদয় সভাকে জানান যে, যে সকল ওয়ার্ডে বর্জ্য বেশী সে সকল ওয়ার্ডে বেশী শ্রমিক ও ট্রাক বরাদ্ধ করা হবে। ইতোমধ্যে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন করার লক্ষ্যে ১০০ বিঘা জমি অধিগ্রহণ কার্যক্রমসহ Canves Environmental Investment Co.Ltd. প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন প্রক্রিয়াধীনে আছে।<br>খ) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা জানান যে, শ্রমিক, ট্রাক ড্রাইভার, হেলপার এর সল্পতার মাঝেও ড্রেন পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চালিয়ে যাওয়া হচ্ছে। জনবলের অপ্রতুলতার কারণে সময়মত ময়লা আবর্জনা সাইট থেকে ডাম্পিং স্টেশনে না ফেলার কারণে কিছু কিছু স্থানে ড্রেনে ময়লা পরে যাচ্ছে। একদিকে গাজীপুর সিটি কর্পোরেশনের সীমাবদ্ধতা অপরদিকে নতুন সিটি কর্পোরেশনের বাসিন্দাদের মাঝে রয়েছে অসচেতনতা। এছাড়া প্রচুর সংখ্যক গার্মেন্টস কর্মী রয়েছে গাজীপুর সিটি কর্পোরেশনে যারা অধিকাংশই যত্রতত্র ময়লা আবর্জনা ফেলে।<br>তদুপরি সীমিত জনবল নিয়ে রুটিন করে কাউন্সিলরদের সহায়তা এবং পরামর্শে ড্রেন পরিষ্কার কার্যক্রম চালানো হচ্ছে। প্রয়োজনীয় লজিষ্টিক সাপোর্ট ও যানবাহন বাড়ানোর জন্য সভায় প্রস্তাব করা হয়।<br>এ বিষয়ে মাননীয় সভাপতি জানান যে, ইতোমধ্যে বর্জ্য ব্যবস্থাপনা উন্নয়নে ২টি হাইড্রোলিক এক্সাভেটর (২০ টন ক্যাপাসিটি বাকেট .০৯২ কিউবিক মিটার) ক্রয়ের দরপত্র আহবান করা হয়েছে। আশা করছি খুব শ্রীঘ্রই ২ টি হাইড্রোলিক এক্সাভেটর ক্রয় করা সম্ভব হবে এবং বর্জ্য সংক্রান্ত সমস্যা অনেকাংশে সমাধান হবে। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ক) বিদ্যুৎ উৎপাদন করার লক্ষ্যে ১০০ বিঘা জমি অধিগ্রহণ কার্যক্রমসহ Canves Environmental Investment Co.Ltd. প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনা পূর্বক নির্বাচিত ব্যক্তি/ প্রতিষ্ঠানের মাধ্যমে সংশ্লিষ্ট ওয়ার্ডে কাউন্সিলরদের সাথে পরামর্শ করে বর্জ্য ব্যবস্থাপনার দায়িত্ব প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) বর্জ্য ব্যবস্থাপনার স্থায়ী সমাধানের লক্ষ্যে জনবল নিয়োগ, এসটিএস নির্মাণ ও স্থায়ী ডাম্পিং স্টেশন নির্মাণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ/বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ |

আলোচ্যসূচী-০৯ ঃ বিবিধ বিষয়ক আলোচনা

বিবিধ ঃ ১) ১৫ আগষ্ট ২০২২ যথাযোগ্য মর্যাদা পালন উপলক্ষে আলোচনা ঃ

১। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ট বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যগণের স্মৃতি প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২২খ্রিঃ তারিখ সোমবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তাবিত কর্মসূচির উপর আলোচনা শুরু করেন। সভাপতি বলেন যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের ১৮ জুলাই ২০২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী গাজীপুর সিটি কর্পোরেশনের কর্মসূচি চূড়ান্ত করনের লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এ এস এম শফিউল আজম আলোচ্য সূচি অনুযায়ী কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

২। কর্পোরেশন সভায় বিস্তারিত আলোচনান্তে ১৫ আগস্ট ২০২২খ্রিঃ তারিখ সোমবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২২ যথাযোগ্য মার্যাদায় ও ভাবগম্ভির পরিবেশে পালনের উদ্দেশ্যে সিটি কর্পোরেশন সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | কর্মসূচি | তারিখ ও সময় | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | ১৫ আগস্ট ২০২২খ্রিঃ তারিখ সোমবার সুর্যোদয়ের সাথে সাথে নগর ভবনসহ ৮টি আঞ্চলিক কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধ নমিত ভাবে উত্তোলন। | ১৫/০৮/২০২২ সূর্যোদয়ের সাথে সাথে | ১। সচিব<br>২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ২. | ১৫ আগস্ট ২০২২ সকাল ১০.৩০ ঘটিকায় গাজীপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মুখে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ। | ১৫/০৮/২০২২ সকাল ১০.৩০ টা | ১। সচিব<br>২। সম্মানিত কাউন্সিলরবৃন্দ<br>৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ৩. | ১৫ আগস্ট স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবসে ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে নগর ভবন সভা কক্ষে জাতির পিতা বঙ্গবন্ধুর গৌরবগাঁথা জীবনী নিয়ে আলোচনা, স্মৃতিচারণ, দোয়া মাহফিল এবং গণভোজের আয়োজন। | ১৫/০৮/২০২২ আলোচনা ঃ সকাল ১১.০০ টা ভোজ ঃ দুপুর ১.৩০ টা | ১। সচিব<br>২। সম্মানিত কাউন্সিলরবৃন্দ<br>৩।আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (অঞ্চলঃ ৪) |
| ৪. | ১৫ আগস্ট স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবসে ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে অঞ্চলঃ ১ (টঙ্গী) সভা কক্ষে জাতির পিতা বঙ্গবন্ধুর গৌরবগাঁথা জীবনী নিয়ে আলোচনা, স্মৃতিচারণ, দোয়া মাহফিল এবং গণভোজের আয়োজন। | ২৬/০৮/২০২২ আলোচনা ঃ দুপুর ১২.৩০ টা ভোজ ঃ দুপুর ২.০০ টা | ১। সচিব<br>২। সম্মানিত কাউন্সিলরবৃন্দ<br>৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (অঞ্চলঃ ১) |
| ৫. | ১৫ আগস্ট স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবসে ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে অঞ্চলঃ ২ (পুবাইল) কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধুর গৌরবগাঁথা জীবনী নিয়ে আলোচনা, স্মৃতিচারণ, দোয়া মাহফিল এবং গণভোজের আয়োজন। | ৩১/০৮/২০২২ আলোচনা ঃ সকাল ১১.০০ টা ভোজ ঃ দুপুর ১.৩০ টা | ১। সম্মানিত কাউন্সিলরবৃন্দ<br>২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (অঞ্চলঃ ২) |
| ৬. | ১৫ আগস্ট স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবসে ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে অঞ্চলঃ ৩ (গাছা) সভা কক্ষে জাতির পিতা বঙ্গবন্ধুর গৌরবগাঁথা জীবনী নিয়ে আলোচনা, স্মৃতিচারণ, দোয়া মাহফিল এবং গণভোজের আয়োজন। | ২৪/০৮/২০২২ আলোচনা ঃ সকাল ১১.০০ টা ভোজ ঃ দুপুর ১.৩০ টা | ১। সম্মানিত কাউন্সিলরবৃন্দ<br>২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (অঞ্চলঃ ৩) |
| ৭. | ১৫ আগস্ট স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবসে ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে অঞ্চলঃ ৫ (কাউলতিয়া) কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধুর গৌরবগাঁথা জীবনী নিয়ে আলোচনা, স্মৃতিচারণ, দোয়া মাহফিল এবং গণভোজের আয়োজন। | ২৫/০৮/২০২২ আলোচনা ঃ সকাল ১১.০০ টা ভোজ ঃ দুপুর ১.৩০ টা | ১। সম্মানিত কাউন্সিলরবৃন্দ<br>২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (অঞ্চলঃ ৫) |
| ৮. | ১৫ আগস্ট স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবসে ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে অঞ্চলঃ ৬ (বাসন) কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধুর গৌরবগাঁথা জীবনী নিয়ে আলোচনা, স্মৃতিচারণ, দোয়া মাহফিল এবং গণভোজের আয়োজন। | ২৫/০৮/২০২২ আলোচনা ঃ সকাল ১১.০০ টা ভোজ ঃ দুপুর ১.৩০ টা | ১। সম্মানিত কাউন্সিলরবৃন্দ<br>২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (অঞ্চলঃ ৬) |
| ৯. | ১৫ আগস্ট স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবসে ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে অঞ্চলঃ ৭ (কোনাবাড়ী) কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধুর গৌরবগাঁথা জীবনী নিয়ে আলোচনা, স্মৃতিচারণ, দোয়া মাহফিল এবং গণভোজের আয়োজন। | ২৮/০৮/২০২২ আলোচনা ঃ সকাল ১১.০০ টা ভোজ ঃ দুপুর ১.৩০ টা | ১। সম্মানিত কাউন্সিলরবৃন্দ<br>২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (অঞ্চলঃ ৭) |
| ১০ | ১৫ আগস্ট স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবসে ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে অঞ্চলঃ ৮ (কাশিমপুর) কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধুর গৌরবগাঁথা জীবনী নিয়ে আলোচনা, স্মৃতিচারণ, দোয়া মাহফিল এবং গণভোজের আয়োজন। | ২৬/০৮/২০২২ আলোচনা ঃ সকাল ১১.০০ টা ভোজ ঃ দুপুর ১.৩০ টা | ১। সম্মানিত কাউন্সিলরবৃন্দ<br>২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (অঞ্চলঃ ৮) |
| ১১. | ১৫ আগস্ট গাজীপুর সিটি কর্পোরেশন এলাকার সকল মসজিদে বাদ জোহর বিশেষ দোয়া/মোনাজাত এবং মন্দির, গির্জা প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনার আয়োজন। | ১৫/০৮/২০২২ বাদ জোহর ও সুবিধাজনক সময়ে | ১। সম্মানিত কাউন্সিলরবৃন্দ<br>২। প্রশাসন বিভাগ |
| ১২. | জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে গুরুত্বপূর্ণ স্থানসহ নগর ভবন কার্যালয় এবং ৮টি আঞ্চলিক কার্যালয়ে ড্রপডাউন ব্যানার প্রদর্শন, বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণ প্রচার। | মাসব্যাপী | ১। সচিব<br>২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ১৩. | ব্যানারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি থাকবে। স্থান সংকুলান হলে ১৫ আগস্টের সকল শহীদের ছবি ব্যবহার করা যাবে। এ ব্যতীত অন্য কোন ছবির ব্যবহার করা যাবে না। | মাসব্যাপী | ১। সচিব<br>২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৪. | জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য গৃহিত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নগর ভবন কার্যালয়সহ সকল অঞ্চলের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ সম্মানিত কাউন্সিলরগণের সাথে পরামর্শক্রমে স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ এবং গন্যমান্য ব্যক্তিবর্গকে আমন্ত্রণ জানানো। | নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী | ১। সম্মানিত কাউন্সিলরবৃন্দ<br>২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ১৫. | জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য গৃহিত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নগর ভবন কার্যালয়সহ ৮টি অঞ্চলের মোট = ৪৩,৪৭,৮২৮/- লক্ষ টাকা বরাদ্দ প্রদানের করা হয়েছে।<br>নগর ভবন ও অঞ্চল ৪ এর বরাদ্দ = ৮,৭০,০০০/- টাকা<br>অঞ্চল ১ এর বরাদ্দ = ১১,২০,০০০/- টাকা<br>অঞ্চল ২ এর বরাদ্দ = ৪,৮১,০০০/-টাকা<br>অঞ্চল ৩ এর বরাদ্দ = ৫,২৮,৫৯৫/-টাকা<br>অঞ্চল ৫ এর বরাদ্দ = ২,৫০,০০০/- টাকা<br>অঞ্চল ৬ এর বরাদ্দ = ২,৬২,০০০/-টাকা<br>অঞ্চল ৭ এর বরাদ্দ = ৩,৩৯,৩৩৩/-টাকা<br>অঞ্চল ৮ এর বরাদ্দ = ৪,৯৬,৫০০/-টাকা<br>উক্ত বরাদ্দ অনুযায়ী সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ সম্মানিত কাউন্সিলরদের সাথে পরামর্শ ক্রমে কর্মসূচি বাস্তবায়ন করবেন। কোন অঞ্চলের সময়সূচি অনিবার্য কারণবশতঃ পরিবর্তন হলে পরিবর্তীত সময়সূচি অনুযায়ী কর্মসূচি সফল করবেন। | নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী | ১। সম্মানিত কাউন্সিলরবৃন্দ<br>২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| | **সিদ্ধান্ত ঃ** জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য নগর ভবনসহ সকল অঞ্চলের প্রস্তাবিত বরাদ্দ প্রদানের এবং সম্মানিত কাউন্সিলরবৃন্দ আঞ্চলিক কর্মকর্তাদের তদারকিতে অনুষ্ঠান সফলভাবে পালন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |

**বিবিধ ঃ ২) স্বাস্থ্য ও টিকা ক্যাম্পেইন বিষয়ক আলোচনা ঃ**

ক) আরবান প্রাইমারী হেল্‌থ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট -২য় পর্যায় ; মাসিক রিপোর্ট, আগষ্টঃ ২০২২খ্রিঃ
তিনটি নগর মাতৃসদন এবং সাতটি নগর স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে জনগণকে বিভিন্ন স্বাস্থ্য সেবা প্রধান করা হচ্ছে নিম্নে সেবা গ্রহীতা সেবার বিবরণ উল্লেখ করা হলো।

| ক্রঃ নং | পিএ এনজিও'র নাম | মোট রোগী | সিজারিয়ান সেকশন | স্বাভাবিক প্রসব | অন্যান্য সেবা | বিনা মূল্যে প্রদত্ত সেবা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | এফপিএবি, পিএ-০১ | ৬০৭২ | ৬৫ | ৩৬ | ৫৯৭১ | ১৯৩৭ |
| ০২ | ইউটিপিএস, পিএ-০২ | ৫৫৫২ | ২১ | ২১ | ৫৫১০ | ১৩৭২ |
| ০৩ | পিএসকেপি এন্ড পিপিএস | ৪৩১৫ | ২ | ৩ | ৪৩১০ | -- |
| | মোট = | ১৫৯৩৯ | ৮৮ | ৬০ | ১৫৭৯১ | ৩৩০৯ |

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| খ) | ৫-১১ বছর বয়সী শিশুদের কোভিড-১৯ পেড্রিয়াটিক ফমুলেশন ফাইজার- COMIRNATY টিকাদান ক্যাম্পেইন ২৫ আগষ্ট হতে ১৮ সেপ্টেম্বর পর্যন্ত গাজীপুর সিটি কর্পোরেশনের ৫৭টি ওয়ার্ডে পরিচালনা করা হবে। উল্লেখিত সময়ে ১৪ দিনব্যাপী ৫৭টি ওয়ার্ডে ১৫৬৯টি শিক্ষা প্রতিষ্ঠানের ৫-১১ বছর বয়সী শিশুদের ৪০৮টি কেন্দ্রের মাধ্যমে এবং ২ দিন ৫৭ টি ওয়ার্ডে ১১৪ টি কেন্দ্রের মাধ্যমে বাদ পড়া/শিক্ষা প্রতিষ্টান বহির্ভূত শিশুদের কোভিড-১৯ টিকা প্রদান করা হবে। সম্ভাব্য ২ লক্ষ শিশুকে ১ম ডোজ টিকা প্রদানের আওতায় আনা যাবে। এছাড়া অন্যান্য সকল স্বাস্থ্য সেবা কেন্দ্রে সেবা প্রদান কাযক্রম চলমান রয়েছে। | (খ) সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে গণটিকা কর্মসূচী আওতায় কোভিড-১৯ টিকা প্রদান এবং অন্যান্য কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার লক্ষে পূর্বের ধারাবাহিকতা অব্যাহত রাখার দৃঢ়প্রত্যয় ব্যাক্ত করে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | স্বাস্থ্য বিভাগ। |

গ) গাজীপুর সিটি কর্পোরেশনের জোন-০১ এবং ০৪ এর ১৩৫টি কেন্দ্রের মাধ্যমে ০-২৪ মাস বয়সী শিশুদের এবং ১৫-৪৯ মহিলাদের ১০টি রোগের টিকা প্রদান করা হয়। নিম্নে আগষ্ট মাসের টিকার অর্জন প্রদান করা হলো।

বাৎসরিক লক্ষ্যমাত্রা ঃ জোন-০১ = ১৭৪০৩
জোন-০৪ = ৯৮৯৫

মাসের নামঃ আগষ্ট/২০২২খ্রিঃ

| জোন | মাসিক | বিভিন্ন এন্টিজেনের হিসাব |
|---|---|---|

| নং | লক্ষ্যমাত্রা | বিসিজি | | | | | | | এমআর ১ম | এমআর ২য় | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ১৪৫০ | ১৭২৯ | | | | | | | ১৮৪৭ | ১৫৯১ | | | |
| ০৪ | ৮২৫ | ৯৮২ | | | | | | | ১১৮৪ | ৮৬৬ | | | |
| মোট | ২২৭৫ | ২৭১১ | | | | | | | ৩০৩১ | ২৪৫৭ | | | |

বাৎসরিক লক্ষ্যমাত্রাঃ জোন-০১ = ৭৬৫৫৫ জোন-০৪ = ৪৮৪৩২

| জোন নং | মাসিক লক্ষ্যমাত্রা | টিডি টিকার অর্জন | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | |
| ০১ | ৬৩৮০ | ১২০৭ | ১১৩২ | ১৪৩৫ | ১৩৯৮ | ১৩০৭ | |
| ০৪ | ৪০৩৬ | ৬৩৪ | ৫৫১ | ৭২৫ | ৭৭৫ | ৭৫৫ | |
| মোট = | ১০৪১৬ | ১৮৪১ | ১৬৮৩ | ২১৬০ | ২১৭৩ | ২০৬২ | |

**বিবিধ ঃ ৩) সম্পত্তি বিষয়ক আলোচনা ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| ক) প্রধান সম্পত্তি কর্মকর্তা সভাকে জানান যে, ১৪২৯ বাংলা সনে হাট-বাজার নীতিমালা অনুসারে ২৭ (সাতাশ) টি বাজার ইজারা প্রদান করা হয়। ইজারাকৃত বাজারগুলি মধ্যে কিছু সংখ্যক ইজারাদার টাকা পরিশোধ করিয়াছেন। বাকী ইজারাদারকে বার বার নোটিশ ও মৌখিকভাবে টেলিফোন তাগাদা দেওয়ার পরও টাকা পরিশোধ করেন নাই।<br>খ) ইতিমধ্যে নাওজোড় সোবহান সরকার কাঁচা বাজারের ইজারাদার আবেদন করেন বাজারটি ঢাকা-ময়মনসিংহ হাইওয়ে রাস্তায় থাকায় এবং সড়ক ও জনপদ জায়গায় থাকায় বর্তমানে বাজারটি উচ্ছেদ করে দেওয়ায় ইজারাদার টাকা ফেরৎ চেয়ে আবেদন করেন।<br><br>গ) গাজীপুর সিটি কর্পোরেশনের ১৪২৩ বাংলা সনে (ইংরেজী ২০১৬) ইজারাকৃত টঙ্গী বাজার গরু, মহিষ, ছাগল ও ভেড়া মহল (পবিত্র ঈদ-উল- আযহা উপলক্ষে বিশ্ব ইজতেমা সংলগ্ন কামারপাড়া রাস্তা ও বালি জায়গাসহ) এর ইজারা প্রাপ্ত ঠিকাদার কাজী খোকা সর্বোচ্চ ডাককারী হিসাবে ৩,৭৮,৫৫,৩০০/- (তিন কোটি আটাত্তর লক্ষ পঞ্চান্ন হাজার তিনশত) টাকা সিটি তহবিলে জমা দেন। কিন্তু সরকারী নিষেধাজ্ঞার কারণে বিশেষ করে রেল মন্ত্রণালয়, যোগাযোগ মন্ত্রণালয়, মন্ত্রী পরিষদ সচিবসহ বিভিন্ন পত্র-পত্রিকায় যানজট নিরসনের বিষয়টি বিবেচনায় এনে হাট না বসানোর নির্দেশনা প্রদান করেন। ফলে উক্ত নির্দেশনার আলোকে ইজারাদারকে হাট বুঝিয়ে দেওয়া সম্ভব হয়নি (কপি সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত আছে)। ইজারাদার আর্থিক ক্ষতিগ্রস্থ হওয়ার বিষয়টি সিটি কর্পোরেশনকে অবহিত করে টাকা ফেরত চেয়ে আবেদন করেন। কিন্তু সরকারী নির্দেশনার অপেক্ষায় ইজারাদারকে টাকা ফেরত দেয়া হয়নি। ইজারাদার স্থানীয় সরকারী পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব তাজুল ইসলাম এমপি মহোদয়ের নিকট আবেদন করলে তাঁর নির্দেশনা অনুযায়ী মন্ত্রণালয় হতে ইজারার টাকা মওকুফ করার জন্য ইজারা নীতিমালার ৩.৬ অনুচ্ছেদ অনুযায়ী ব্যবস্থা গ্রহনের জন্য গত ২২ মে ২০১৭ খ্রিষ্টাব্দে স্মারক নং-৪৬.০০.০০০০.০৪.০৩০.০০৪.২০১৬.২০০ পত্র প্রেরণ করেন। পরবর্তীতে পুনরায় ১৯ সেপ্টেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দে স্মারক নং-৪৬.০০.০০০০.০৪.০৩০.০০৪. ২০১৬.২০০ এর মাধ্যমে তাগিদ পত্র প্রেরন করেন। এ বিষয়ে পরিষদের সভায় বিস্তারিত আলোচনা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন এবং নীতিমালা অনুসরণ করে ব্যবস্থা গ্রহণের মতামত প্রদান করা হয়। | ক) সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিয়ম নীতি অনুসরণ করে বকেয়া আদায় এবং অন্যান্য পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>খ এবং গ) এ বিষয়ে বিস্তারিত আলোচনা পর্যালোচনান্তে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ৩.৬ অনুচ্ছেদ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ সম্বলিত সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সম্পত্তি বিভাগ |

**বিবিধ ঃ ৪) বিভিন্ন ওয়ার্ডে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| ক) সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। আলোচনান্তে সভাকে জানান যে, উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন উপ-প্রকল্পে ৩০-৪০ ফিট রাস্তা প্রশস্থ করণে নানরকম বাধার সৃষ্টি হচ্ছে। ভাংচুর ও উচ্ছেদ অভিযানে কিছু কিছু স্থানে প্রবল বাধার সন্মুখিন হওয়ায় ৪০ ফিট রাস্তা ক্লিয়ার করা যাচ্ছে না। রাস্তার উন্নয়ন কাজে বাধা নিরসনে কাউন্সিলরগণ মুখ্য ভূমিকা পালন করে থাকেন। এখানে কাউন্সিলরদের কোন ব্যক্তিগত স্বার্থ জড়িত নেই। তাই হয়রানিমূলক মামলা মোকদ্দমা হলে আইনী সহায়তা প্রদানের অনুরোধ করা হয়।<br>৩৯ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব শাহিনুল আলম মৃধা বলেন তাঁর ওয়ার্ডে সুকুন্দিবাগ ব্রীজ থেকে মাঝুখান এবং আক্কাস মার্কেট সংযোগ রাস্তাসহ মোট ৫ কিঃ মিঃ রাস্তা প্রায় সম্পন্নের পথে। সামান্য ৩০০ ফিট রাস্তা সুকুন্দিবাগ ব্রীজের পার্শ্বে বাধাপ্রাপ্ত হয়ে নির্মাণ কাজ স্থগিত হয়ে আছে। এই স্থানে সরকারী হালট রয়েছে। যৌথ জরীপ করে রাস্তার দাড় উন্মুক্ত করার জন্য জেলা প্রশাসক মহোদয়ের হস্তক্ষেপ ও সহযোগিতা কামনা করেন।<br>৩৫ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব আব্দুল্লাহ আল মামুন গাজীপুর সিটি কর্পোরেশনের ২০২২- | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>ক (১) উন্নয়ন সংক্রান্ত সকল প্রস্তাবনা নিয়মনীতি অনুসরণ করে পর্যায়ক্রমে বাস্তবায়ন করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ/প্রশাসন বিভাগ/ আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |



CamScanner

| | | |
|---|---|---|
| ২০২৩ অর্থ বছরের বাজেট বিষয়ে আলোচনার এক পর্যায়ে মসজিদের ইমাম, খতিব ও মোয়াজ্জেম সাহেবদের সম্মানি ভাতা/বোনাস, ক্লাব, স্কুল মাদ্রাসা ইত্যাদিতে অনুদান প্রদানের পদ্ধতিতে পরিবর্তন আনার প্রস্তাব করেন। সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্য একবাক্যে প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদনের সুপারিশ করেন। তাছাড়া তিনি রাস্তাঘাট, ড্রেন উন্নয়নে দিকনির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন।<br>সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলর ও সংরক্ষিত আসনের কাউন্সিলরবৃন্দ নিজ নিজ ওয়ার্ডের সার্বিক উন্নয়নের জন্য সমস্যা তুলে ধরেন। এলাকায় বিদ্যমান ড্রেনগুলো পরিষ্কার করণ এবং ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো জরুরী ভিত্তিতে মেরামতের প্রস্তাব করেন। কিছু কিছু এলাকায় ড্রেনের উপর স্লাব নির্মানের প্রস্তাব করা হয়। রাস্তায় লাইটিং করার প্রস্তাব করা হয়। যে সকল এলাকায় ঠিকাদারগণ কাজ ফেলে রেখেছেন তা দ্রুত বাস্তবায়ন করার আহবান জানানো হয়। তাছাড়া ঠিকাদারগণ ড্রেনের কাজ শেষে সঠিকভাবে ড্রেন পরিষ্কার না করায় জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে। চূড়ান্ত বিল প্রদানের পূর্বে যথাযথভাবে ড্রেন পরিষ্কার করে নেয়ার জন্য প্রকৌশল বিভাগকে ব্যবস্থা গ্রহনের প্রস্তাব করা হয়। রাস্তার উন্নয়ন করতে গিয়ে বিভিন্ন শিল্পপ্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গ জনপ্রতিনিধিদের বিরুদ্ধে হয়রানিমূলক মামলা করেন। এখানে কোন ব্যক্তি স্বার্থ নেই, জনস্বার্থে কাউন্সিলরগণ জনগণের পাশে দাড়ায় উন্নয়ন কাজে সহযোগিতার হাত বাড়িয়ে দেয়। তাই হয়রানিমূলক মামলা থেকে অব্যাহতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও আইনি সহায়তা প্রদানের প্রস্তাব করেন। | | সংশ্লিষ্ট কমিটি ও বিভাগ |
| ৪৬ নং ওয়ার্ড কাউন্সিলর ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনের কার্যকরি সদস্য জনাব মোহাম্মদ নূরুল ইসলাম মেয়র কাপ ফুটবল টুনামেন্ট আয়োজনের প্রস্তাব করেন। সম্মানিত কাউন্সিলর সভায় আরো জানান যে, সিটি কর্পোরেশন এলাকায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক স্থাপিত এবং সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তরিত গভীর নলকূপ এর গভীরতা অধিকাংশ ক্ষেত্রেই ৫০০ ফুট। পানির স্তর অতিদ্রুত গতিতে নিচে নেমে যাচ্ছে। জরুরী ভিত্তিতে সিটি এলাকায় অধিক গভীরতায় উৎপাদক নলকূপ অর্থাৎ ৮০০ফুট হতে ১২০০ফুট গভীরতায় নলকূপ স্থাপনের ডিপিপি প্রণয়নের প্রস্তাব করেন। | ক (২) বিস্তারিত আলোচনান্তে মেয়র ক্লাব ফুটবল টুনামেন্ট আয়োজন করার প্রস্তাব এবং অধিক গভীরতায় নলকূপ স্থাপনের প্রস্তাব নীতিগতভাবে অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
